



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৩৪১.১৪- ২১৬


তারিখঃ ১১/০২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে আপনি আপনার পূর্ববর্তী কর্মস্থল নড়াইল জেলার কালিয়া উপজেলায় কর্মকালীন নিম্নোক্ত অনিয়মসমূহ করেছেন; যা সুস্পষ্টভাবে প্রমাণিত।

১. ইউআরডিওর স্বাক্ষর নকল করে জনাব সোহান শেখ নামে জনৈক ব্যক্তির নিকট হতে ৫০০০০.০০ টাকা ধার গ্রহণ;
২. সমিতির সদস্য নন এমন ব্যক্তিকে অনিয়মতান্ত্রিকভাবে ১৩৭০০০.০০ টাকা ঋণ প্রদান;
৩. সরসপুর মহিলা সমিতির ম্যানেজারকে উক্ত সমিতির ০৬ জন সদস্য এবং অন্য সমিতির ০১ জন সদস্যর মোট ১৫৩০০০.০০ টাকা ঋণ প্রদান;
৪. দক্ষিণ যোগানিয়া সমিতির ম্যানেজারকে উক্ত সমিতির ০৬ জন সদস্যর ৯৯০০০.০০ টাকা এবং সভাপতিকে ০২ জন সদস্যর ৪০০০০.০০ টাকা ঋণ প্রদান;

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।

  
মোহাম্মদ আতিকুর রহমান  
উপপ্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।  
ফোন : ৮১৮০১৪৩

জনাব মোঃ আব্দুল খালেক  
মাঠ সংগঠক  
ইরেসপো, বিআরডিবি  
মঠবাড়িয়া, পিরোজপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
২. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল/পিরোজপুর।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কালিয়া/মঠবাড়িয়া, জেলাঃ নড়াইল/পিরোজপুর।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ কালিয়া/মঠবাড়িয়া, জেলাঃ নড়াইল/পিরোজপুর।
৬. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. অফিস নথি/ব্যক্তিগত নথি।